

## জাতীয়করণ হলো ৮ কলেজ

নিম্ন বার্তা পরিবেশক

আটটি বেসরকারি কলেজকে জাতীয়করণ করেছে সরকার। কলেজগুলো হলো- সাততীরার প্যামনগরের হাজী মহসিন ডিগ্রি কলেজ, খুলনার দারুশেখর এনভিডে ডিগ্রি কলেজ, হাজী মুহাম্মদ মহসিন কলেজ ও রূপসার বঙ্গবন্ধু কলেজ, তৈবের মিল্লুর রহমান মহিলা কলেজ, মশোরের গার্শীর বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ ডিগ্রি কলেজ, ফিনাইনহের বীরশ্রেষ্ঠ শহীদ হানিফুর রহমান কলেজ ও মেহেবুবিনার মদনের হাজী আবদুল আজিজ খান ডিগ্রি মহাবিদ্যালয়। গত ২০ ও ২১ মে শিক্ষা মন্ত্রণালয় আটটি কলেজকে সরকারিকরণ করে পৃথক আদেশ জারি করে। আদেশে বলা হয়, গত ১৪ মে থেকে এসব কলেজের সরকারিকরণের আদেশ কার্যকর। কলেজ : পৃষ্ঠা : ১৫ ৩ : ৫

(১৪ পৃষ্ঠায় পড়)

হবে। শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চশিক্ষা জ্ঞানসংক্রান্ত এগতোর জনপ্রতিনিধিদের দাবির পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী বিভিন্ন সময়ে ৮টি কলেজকে জাতীয়করণের ঘোষণা দিয়েছিলেন। প্রসঙ্গত, জমতাসীন মহাজোট সরকারের আমলে এর আগে আরও আটটি বেসরকারি কলেজ জাতীয়করণ করা হয়েছে।